

# সিডনী ক্রস সিটি টানেল এবং কিছু আনন্দময় মৃহৃত

## নাহিদ সুলতানা

আমার husband আবু বকরের কাজের সূত্রে আমরা ২৮শে আগস্ট  
স্বপরিবারে নতুন ক্রস সিটি টানেলে উদ্বোধন অনুষ্ঠানে যাবার আমন্ত্রণ  
পেয়েছিলাম। Sponsor Organisation এর জন্য এই Tunnel Walk  
এর আয়োজন করা হয়। বেশ কিছুদিন ধরেই আমি এবং আবু এই  
Tunnel Walk এর ব্যাপারে আলাপ করছিলাম। আমার তিন বছরের  
ছেলে অহসাবকে বললাম এটি 2.2 kilometer লম্বা এবং এর এক  
পাশে কিংসক্রস এবং আরেক পাশে তার প্রিয় ডারলিং হারবার। শনিবার  
সকাল ৬:৩০ টায়, আহসাব আমাকে ধাক্কা দিয়ে উঠিয়ে ভাঙ্গা বাংলায়  
বলল, 'আম্মু ওঠ, টানেলে যেতে হবে, শার্ক দেখব'। শহর থেকে  
আমাদের বাসা অনেকটা দূরে হওয়াতে একটু সকাল সকালই রওয়ানা  
দিলাম। টানেলের কাছাকাছি এসে পুলিশ আর সিকিউরিটির লোক  
জনের সমাগম দেখে বেশ পুলকিত হলাম। কিন্তু যতটা কঠিন সিকিউরিটি  
চেকিং হবে ভেবেছিলাম ততটা দেখলামনা। আহসাবের স্ট্রিলার আর  
ব্যাগ একটু চেক করেই ছেড়ে দিল, কিছুটা mismanagement  
দেখতে পেলাম। টানেলের সামনে প্রায় শ খানেক লোক অপেক্ষা করছে  
ভেতরে ঢোকার জন্য।

সিকিউরিটির লোকদের জিজ্ঞাসা করে জানা গেল টানেলের ঢোকার  
পরের সময় ৯:৩০। ঘড়ির দিকে তাকিয়ে দেখি ৯:১০ বাজে। প্রথম গ্রুপ  
সকাল ৮টায় ভিতরে চলে গেছে। তার মানে আরো বেশ কিছুক্ষন  
অপেক্ষা করতে হবে। আহসাব অধৈর্য হয়ে আমার কাপড় ধরে টানচে  
আর বলচে, 'আম্মু চল শার্ক দেখব'। এই ধারণা ওর সন্তুষ্টতঃ হয়েছে  
ডারলিং হারবারের কথা শুনে। ওর ধারণা ভাঙ্গাতে ইচ্ছা করলনা।  
চারিদিকে ছোট ছোট বাচ্চাদের খেলা দেখতে দেখতে আমাদের ভিতরে  
যাবার সময় হয়ে এলো। ঘড়ির দিকে তাকিয়ে দেখি প্রায় ১০টা বাজে।  
সবার সাথে ভেতরে রওয়ানা হলাম। আহসাব ভিতরে ঠুকে বলল, 'আম্মু  
এটা তো টানেল না, এটা রাস্তা, এখানে গাড়ি চলে, আমি শার্ক দেখব'।  
স্ট্রিলার ঠেলে হাটতে হাটতে কিছু দুর পর পর সিকিউরিটি আর মিডিয়ার  
লোক জন দেখতে পেলাম।



টানেলের ভেতরে প্রিমিয়ার মরিস ইয়েমার সাথে তোলা ছবি

১৫-২০ মিনিট হাটার পর আমাদের নতুন প্রিমিয়ার মরিস ইয়েমাকে দেখলাম সবার সঙ্গে তাল মিলিয়ে Tunnel Walk এ যোগ দিয়েছেন। ওনার সঙ্গে একটু কথা বলার লোভ সামলাতে পারলাম না। উনিও হাসি মুখে আমাদের সঙ্গে দাঢ়িয়ে বেশ কিছুক্ষণ মত বিনিময় করলেন এবং একটি ছবিও তুললেন। প্রায় ৪০-৪৫ মিনিট পরে বাইরের আলো দেখতে পেলাম। আমার ছোটো ছেলেও excited হয়ে অনেকটা পথ হাটলো আমাদের সঙ্গে। টানেলের বাইরে উদ্দোত্তদের হাকা-হাকি করতে দেখা গেলো। এক সময় ডারলিং হারবার এর ব্রিজ পার হয়ে অংশ গ্রহনকারিদের নামে issue করা সার্টিফিকেট থেকে ৩টি আমাদের পরিবারের সদস্যদের জন্য সংগ্রহ করে এবং একটা free 'Sydney Morning Herald' বগলদাবা করে ছেলেকে শার্ক দেখাতে রওয়ানা হলাম একুয়ারিয়ামের দিকে।

শেষ কথাঃ টানেলের সামনে দাঢ়িয়ে এক ভদ্রলোক আবুকে অনুরোধ করলেন একটা ছবি তুলে দেবার জন্য। ছবি তোলা শেষে উনি আবুকে জিজ্ঞাসা করলেন - Were you one of the tunnel diggers?